

৩০/১০/২০
Haque
১৪/১০/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

১৭ আশ্বিন, ১৪২৪

তারিখ: -----

০২ অক্টোবর ২০১৭

নং-৩৮.১৩২.০০৭.০১.০০.০০.৬৭.২০১০. ১৩২৬/১

পরিপত্র

বিষয় : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর অধীনস্থ অফিস ও প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন ও প্রমাপ।

প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে বিদ্যালয়সমূহ নির্দিষ্ট প্রমাপ অনুযায়ী পরিদর্শনকারী কর্মকর্তাগণ কর্তৃক যথাযথ এবং নিয়মিতভাবে পরিদর্শন হওয়া আবশ্যিক। এ উদ্দেশ্যে বিভিন্ন সময়ে এ অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে অফিস আদেশ, পরিপত্র জারি করা হয়েছে। সময়ের আবর্তে এবং বর্তমান বাস্তবতার আলোকে ইতোপূর্বে জারিকৃত নির্দেশনাসমূহের কোন কোন অংশ পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। ইতোমধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সারা দেশে ই-মনিটরিং ব্যবস্থা চালু করা হয়েছে। পরিদর্শনকারী কর্মকর্তাগণ সরেজমিনে ই-মনিটরিং সফটওয়্যার ব্যবহার করে প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করছেন যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সার্ভারের মাধ্যমে সকল কর্মকর্তাগণ অবলোকন করতে পারছেন।

এ সকল অবস্থা বিবেচনা করে মাঠ পর্যায়ে কর্মরত পরিদর্শনকারী কর্মকর্তাগণকে তাঁদের অধিক্ষেত্রের বিদ্যালয় ও অফিস পরিদর্শনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

(১) পরিদর্শনকারী কর্মকর্তাগণকে পরিদর্শনের ক্ষেত্রে প্রতিমাসে নিম্নরূপ প্রমাপ অনুসরণ করতে হবে:

ক্রমিক	পদবী	প্রতি মাসের পরিদর্শন লক্ষ্যমাত্রা		মন্তব্য
		অফিস	প্রাথমিক বিদ্যালয়	
১	বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা)	২	৩	ঢাকা মহানগরের ক্ষেত্রে প্রমাপের অতিরিক্ত ০২টি বিদ্যালয় আবশ্যিকভাবে পরিদর্শন করতে হবে
২	সহকারী পরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়	২	৩	ঢাকা মহানগরের ক্ষেত্রে প্রমাপের অতিরিক্ত ০২টি বিদ্যালয় আবশ্যিকভাবে পরিদর্শন করতে হবে
৩	শিক্ষা অফিসার, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়	২	৩	
৪	জেলা প্রাথমিকশিক্ষাঅফিসার (ডিপিইও)	২	৩	
৫	সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (এডিপিইও)	৩	৫	
৬	সুপারিনটেনডেন্ট, প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই)	১	১	
৭	সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই	১	১	
৮	ইন্সট্রাক্টর, প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই)	০০	১	
৯	উপজেলা/ থানা শিক্ষা অফিসার	০০	৫	
১০	সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার	০০	১০	
১১	ইন্সট্রাক্টর, উপজেলা/ থানা রিসোর্স সেন্টার	০০	৫	
১২	সহকারী ইন্সট্রাক্টর, উপজেলা/ থানা রিসোর্স সেন্টার	০০	৭	

(২) পরিদর্শনকারী কর্মকর্তাগণ প্রমাপ অনুযায়ী তাঁদের পরবর্তী বছরের পরিদর্শন পরিকল্পনা (তারিখ ও প্রতিষ্ঠানের নামসহ) প্রণয়ন করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ডিসেম্বর মাসের ১৫ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করবেন। পরিদর্শন পরিকল্পনার ০১(এক) কপি মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।

(৩) ঢাকা মহানগর ও জেলার ক্ষেত্রে পরিদর্শন পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত তারিখে বিদ্যালয় ও অফিসসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিদর্শন করত: পরিদর্শন সম্পন্ন হওয়ার অনধিক ০৭ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

(৪) ঢাকার বাইরে অন্যান্য জেলার ক্ষেত্রে বিভাগীয় উপপরিচালক ব্যতীত অন্যান্য পরিদর্শনকারী কর্মকর্তাগণ তাঁর একধাপ উপরের কর্মকর্তার নিকট পরিদর্শন পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত তারিখে বিদ্যালয় ও অফিসসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিদর্শন করতঃ পরিদর্শন সম্পন্ন হওয়ার অনধিক ০৭ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।

